বাচ্চারা যখন নতুন শিক্ষাবর্ষে নতুন ক্লাসে যাওয়া শুরু করে অথবা নার্সারি থেকে প্রাইমারী স্কুলে, কিংবা প্রাইমারী স্কুল থেকে সেকেণ্ডারি স্কুলে গিয়ে ভর্তি হয় তখন তাদের সামনে নতুন অভিজ্ঞতা এবং সুযোগ এসে হাজির হয়। এই সময় তাদের অতিরিক্ত সাহায্য সহায়তার প্রয়োজন হতে পারে। মা-বাবা, অভিভাবক এবং পরিবারের লোকরা নতুন ক্লাসের জন্য প্রস্তুতি নিতে এবং নতুন পরিবেশে মানিয়ে নিতে বাচ্চাদেরকে সাহায্য করতে পারেন। স্কুলের শিক্ষা ব্যবস্থা এবং নিয়ম কানুন সম্পর্কে যতটুকু সম্ভব জেনে নিয়ে, শিক্ষার পরবর্তী স্তত্মরে স্বাচ্ছন্দ্যের সাথে মানিয়ে নিতে আপনার বাচ্চাকে সাহায্য রতে পারেন।

এই ব্যাপারে আমি কোথায় প্রয়োজনীয় তথ্য পাবো?

নতুন ক্লাসে স্থানান্তরিত হওয়ার আগে নতুন শিক্ষাবর্ষ সম্পর্কে বাচ্চারা সঠিক তথ্য পেয়েছে কি না, তা স্কুলগুলো নিশ্চিত করে নেয়। স্কুলগুলো অনেক সময় ছোটখাটো সংবাদপত্রের মাধ্যমে প্রয়োজনীয় বিবরণ পাঠিয়ে থাকে, অথবা বাচ্চাদের নতুন টিচারের সাথে দেখা করা এবং স্কুল সম্পর্কে আরো জানার জন্য মা-বাবাদেরকে চিঠি দিয়ে দাওয়াত দিয়ে থাকে।

আপনি হয়তো স্কুলের যাবতীয় বিষয় নিয়ে লেখা একটি হ্যাণ্ডবুকও পেয়ে থাকতে পারেন - অথবা না পেয়ে থাকলে স্কুলের কাছ থেকে তা চেয়ে নিতে পারেন। সুতরাং আপনি এবং আপনার বাচ্চার প্রয়োজনীয় প্রশ্নের উত্তর ঐ হ্যাণ্ডবুক পড়ে নিয়ে জেনে নিতে পারেন।

- স্কুলের সময়সূচী - সকালে কখন স্কুল শুরু হয়? বিকালে কয়টায় স্কুল ছুটি হয়? কয়টার সময় মধ্যাহ্নের খাবারের জন্য বিরতি দেওয়া হয়?
- পোশাক - স্কুলের পোশাকের জন্য কি কি জামাকাপড়ের প্রয়োজন? আমি কোথায় তা খরিদ করতে পারবো? এগুলোর দাম কত হতে পারে?
- স্কুল ছুটির পর আয়েজিত কার্যক্রম - কি কি আয়োজন করা হয়: খেলাধূলা এবং অন্যান্য শিক্ষামূলক কাজকর্মের আয়োজন করা হয় কি? আমরা বাচ্চার যোগ দেওয়ার মতো কোনো হোমওয়ার্ক ক্লাব আছে কি?
- সাহায্য সহায়তা সম্পর্কে তথ্য - আমরা বাচ্চা কি বিনামূল্যে পরিবহন, স্কুলের খাবার পাওয়ার অথবা পোশাক খরিদের জন্য ভাতা পাওয়ার যোগ্যতা রাখে? এগুলো সম্পর্কে আমি কিভাবে জানবো?
- আমার বাচ্চার যদি লেখাপড়ায় কোনো সমস্যা থাকে, তাহলে তার জন্য অতিরিক্ত সহায়তা প্রদানের কি কি কি ব্যবস্থা রয়েছে?

যদি কোনো কিছু সম্পর্কে আপনি স্পষ্ট করে বুঝতে না পারেন, তাহলে স্কুলের সাথে যোগাযোগ করবেন।

নতুন শিক্ষাবর্ষ (নতুন ক্লাস) শুরুর সময় কি কি হয়ে থাকে?

একেক দিনের জন্য একেক ধরনের বইপত্র এবং শিক্ষা-সামগ্রীর প্রয়োজন হতে পারে। আপনার ছেলে বা মেয়ে সেকেণ্ডারি স্কুলে গিয়ে ভর্তি হলে, তাকে ক্লাসের নতুন সময়সূচী অনুসরণ করতে হবে। প্যারেন্ট ইভনিং (মা-বাবাদের সাথে মিটিং, স্কুলের ছাত্রছাত্রীদের সফর, ক্লাসের ছাত্রছাত্রীদের ভ্রমণ এবং আরো অনেক কিছু সহ স্কুল খোলা ও বন্ধের তারিখ এবং গুরুত্বপূর্ণ মিটিং বা দিবস সম্পর্কে স্কুল আপনাকে জানাবে।

টার্মের (শিক্ষা সাময়িকীর) শুরুতে আপনি কয়েকটি কাজ করে নিতে পারেন, যেমন:

- নতুন ক্লাসে বা স্কুলে আপনার বাচ্চা কি পেতে পারে এবং আগের ক্লাস বা স্কুল থেকে কি কি বিষয় সে নতুন পেতে পারে, তা নিয়ে আপনার বাচ্চার সাথে আলাপ করে নেবেন
- আপনার বাচ্চার কোনো দুশ্চিন্তা এবং উদ্বেগ থাকলে তা গুরুত্ব সহকারে গ্রহণ করবেন এবং তা দূর করার ব্যাপারে তাকে সাহায্য করবেন
- স্কুলের গুরুত্বপূর্ণ মিটিং বা দিনগুলোর বিবরণ লাগিয়ে রাখার জন্য একটি আলাদা জায়গা, যেমন পিনবোর্ড অথবা ক্যালেণ্ডার নির্দিষ্ট করে নেবেন, যাতে করে পরিবারের সবাই তা সহজে দেখে নিয়ে দিন তারিখ মনে রাখতে পারেন।
- আপনার বাচ্চার সময়সূচী আপনার বাসস্থানের কোথাও লাগিয়ে রাখবেন। এতে করে বিভিন্ন জিনিস আপনার বাচ্চাকে মনে করিয়ে দিতে পারবেন, যেমন - টকিং বুক (ক্যাসেটে ধারণকৃত বই অথবা খেলাধূলার সরঞ্জাম ইত্যাদি সম্পর্কে)
- স্কুলের প্রয়োজনীয় জিনিসপত্র গোছিয়ে নেওয়ার জন্য আপনার বাচ্চার প্রতি উৎসাহ যোগাবেন। এতে তার দায়িত্বশীলতা বাড়বে।

আমার বাচ্চা কি কি শিখবে?

নতুন কোনো ক্লাসে বা স্কুলে যাওয়ার পর আপনার বাচ্চার স্কুল থেকে সাধারণত আপনার বাচ্চার লেখাপড়ার বিষয়বস্তু সম্পর্কে আপনাকে জানানো হবে। এগুলো জেনে নিলে আপনার বাচ্চার লেখাপড়ার বিষয়বস্তু নিয়ে আপনি আলোচনা করতে পারবেন।

আপনাকে স্কুলে যাওয়ার আমন্ত্রণ জানানো হতে পারে। স্কুলে গিয়ে আপনি লেখাপড়ার বিষয়বস্তু সম্পর্কে আরো জেনে নিতে পারবেন এবং বাচ্চাকে সাহায্য করার অনেক উপায় সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন। যদি আপনি যেতে না পারেন, তাহলে বাড়ীতে আপনার বাচ্চাকে সাহায্য করার বিভিন্ন উপায় সম্পর্কে লিখিত তথ্য আপনাকে দেওয়ার জন্য স্কুলের প্রতি অনুরোধ জানাবেন। এতে করে আপনি আপনার সময় সবচেয়ে ভাল ভাবে কাজে লাগাতে পারবেন - এবং আপনার বাচ্চার শিক্ষায় তা খুবই সাহায্য করবে।

নতুন ক্লাসে বা স্কুলে মানিয়ে নিতে আমি কিভাবে আমার বাচ্চাকে সাহায্য করতে পারি?

আপনি আপনার বাচ্চাকে কয়েকটি প্রশ্ন করে নিতে পারেন:

- স্কুলে সবকিছু কেমন যাচ্ছে? (মূল এবং গুরুত্বপূর্ণ প্রশ্ন)
- নতুন এবং আগের থেকে ভিন্ন কি কি জিনিস সে পছন্দ করে অথবা পছন্দ করে না?
- এমন কোনো কিছু রয়েছে কি, যেটি সম্পর্কে সে এখনো সম্পষ্ট করে বুঝে নাই অথবা চিন্তিত রয়েছে?
- নতুন ক্লাসে অথবা স্কুলে যাওয়ার পর তার কি ধরনের অনুভূতি হচ্ছে?

স্কুলের মিটিং এবং প্যারেন্ট্স ইভিনিং-এ যোগ দিয়ে আপনার বাচ্চা কিভাবে নিজেকে মানিয়ে নিচ্ছে তা জানার এবং আপনার বাচ্চাকে সাহায্য করার উপায় সম্পর্কে টিচারদেরকে জিজ্ঞাসা করার ভাল সুযোগ পাওয়া যায়। অন্যান্য মা-বাবার সাথে পরিচিত হওয়ার এবং তাদের অভিজ্ঞতা থেকে জানার সুযোগও সৃষ্টি হয়।

যদি আপনি কোনো কিছু নিয়ে চিন্তিত থাকেন, তাহলে গুরুত্ব সহকারে স্কুলের সাথে যোগাযোগ করে কারোর সাথে তা নিয়ে আলাপ করার ব্যবস্থা করবেন - স্কুলের পরবর্তী মিটিং এর জন্য অপেক্ষা করে বসে থাকবেন না।

স্কুলেক আমার কি কি জানানোর দরকার?

আপনার সাথে অথবা আপনার পরিবারের সাথে যোগাযোগের বিবরণ এবং শিক্ষাবর্ষ চলাকালীন সময়ে যোগাযোগের বিবরণে কোনো পরিবর্তন আসলে তা স্কুলকে জানিয়ে নিলে সাহায্যকর হবে। স্কুলের জানা থাকার দরকার এমন যে কোনো বিষয় সম্পর্কে, যেমন আপনার বাচ্চার স্বাস্থ্যগত অবস্থা, শখ/আগ্রহ, কে তাকে স্কুল থেকে নিয়ে যাবেন, ইত্যাদি বিষয় স্কুলকে জানিয়ে নিতে পারেন। আপনার বাচ্চাকে সাহায্য করার জাজে তা স্কুলেক সাহায্য করবে।

দরকারী সংযোগ এবং যোগাযোগ

আপনার লোক্যাল অথোরিটির (কাউন্সিলের) ওয়েবসাইটে শিক্ষা এবং স্কুলে সম্পর্কে একটি আলাদা অংশ রয়েছে। সেখানে আপনি প্রয়োজনীয় তথ্য, যেমন স্কুল খোলা ও বন্ধ থাকার দিন তারিখ, বিশেষ কোনো আয়োজন এবং স্কুলগুলোর সাথে যোগাযোগের বিবরণ পাবেন। নূতন ক্লাস কিংবা স্কুল শুরু করা সম্পর্কে অনেক লোক্যাল অথোরিটি (কাউন্সিল) পথ-নির্দেশনা প্রদান করে। পরিতিটি লোক্যাল অথোরিটির ওয়েবসাইটের সাথে প্যারেন্টজৌন (???????) এর সংযোগ রয়েছে।.

প্যারেন্টজৌন – www.parentzonescotland.gov.uk

BBC প্যারেন্টস – www.bbc.co.uk/schools/parents

ওয়ান প্যারেন্ট ফ্যামিলিজ স্কটল্যাণ্ড
13 Gayfield Square, Edinburgh EH1 3NX
টেলিফোন: 0800 018 5026 www.opfs.org.uk

প্যারেন্টসসেন্টার – www.parentscentre.gov.uk

প্যারেন্টলাইন স্কটল্যাণ্ড
টেলিফোন: 0808 800 2222 – www.children1st.org.uk/parentline

প্যারেন্ট নেটওার্ক স্কটল্যাণ্ড
টেলিফোন: 0131 555 6780 – www.parentnetworkscotland.org.uk

এনকোয়ার (শিক্ষায় অতিরিক্ত সহায়তা লাভের জন্য স্কটিশ পরামর্শ সেবা)
সাহায্যলাইন: 0845 123 23 03 টেকস্টফোন: 0131 222 2439
www.enquire.org.uk

ধারাবাহিক ভাবে প্রকাশিত কয়েকটি প্রচারপত্রের মধ্যে এই প্রচারপত্রটি হলো পঞ্চম। বাচ্চাদের শিক্ষায় মা-বাবারা যে সত্যিকারের পার্থক্য এনে দিতে পারেন, তা এই প্রচারপত্রে তুলে ধরা হয়েছে। আপনার বাচ্চার স্কুল থেকে আপনি যে পরামর্শ পাবেন, তার সাথে মিলিয়ে ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলোর তথ্য আপনার বাচ্চার স্কুলের সাথে আরো ভালভাবে জড়িত হতে আপনাকে সাহায্য করবে। আমাদের অন্যান্য প্রকাশিত প্রচারপত্রগুলো হলো হোমওয়ার্ক, তথ্য বিনিময় বা শেয়ারিং ইনফর্মেশন, প্যারেন্টসেস ইভনিংস এবং স্কুল হলিডেইজ। এসব সিরিজে উপরোক্ত বিষয়গুলো সম্পর্কে স্কুল এবং টিচারদের জন্য শিক্ষা-সামগ্রীও রয়েছে।

আমাদের সাথে যোগাযোগ করতে চাইলে, অথবা ভবিষ্যতে প্রকাশিতব্য প্রচারপত্রগুলোর জন্য কোনো বিষয় সুপারিশ করতে চাইলে, অনুগ্রহ করে **www.parentzonescotland.gov.uk** ওয়েবসাইটে যান অথবা 0131 244 0956 নাম্বারে ফোন করুন। এই প্রচারপত্রটি কমিউনিটির বিভিন্ন ভাষায় এবং অন্ধ ও বধির লোকদের বোঝার উপযুক্ত নমুনায় আপনার বাচ্চার স্কুলে এবং প্যারেন্টজৌনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ধারাবাহিক ভাবে প্রকাশিত এই পরচারপত্রগুলো কোয়ালিটি ইন এজুক্যাশন সেন্টার - (Quality in Education Centre - ইউনিভার্সিটি অব স্ট্র্যাথক্লাইড) এবং চিলড্রেন ইন স্কটল্যাণ্ড (Children in Scotland) এর যৌথ উদ্যোগে তৈরি করা হয়েছে।

এই অনুবাদে মুল ভাষায় লিখিত দলিলের সঠিক বিষয়বস্তু তুলে ধরা হয়েছে বলে মনে করা হয়।

SCOTTISH EXECUTIVE



Astron B41346 04/05 (Bengali)

New School Year Ben 17/5/05 4:05 pm Page 6

Information for Parents

বাচ্চাদের লেখাপড়ায় পার্থক্য এনে দেয়

নতুন শিক্ষাবর্ষ শুরু করা